
# বাগেরহাটসহ এক জেলায় কোনো আসনে প্রার্থী দেয়নি বিএনপি



সংগৃহীত ছবি

ত্রয়োদশ সংসদ নির্বাচনের জন্য বিএনপি প্রাথমিক প্রার্থী তালিকা প্রকাশ করেছে। ২৩৭ আসনের মধ্যে ২৬ জেলার সব আসনে প্রার্থী দেয়া হলেও, ৩৮ জেলায় ৬৩টি আসন এখনও খালি রয়েছে। এর মধ্যে বাগেরহাট জেলা পুরোপুরি প্রার্থীবিহীন।

তালিকায় বাগেরহাটের তিনটি আসনের নামের ঘর খালি দেখা যাচ্ছে। খালি আসনের মধ্যে ৪০টিতে জোটসঙ্গীদের প্রার্থী দেওয়ার পরিকল্পনা রয়েছে, বাকি ২৩টিতে সিদ্ধান্ত কেন্দ্রীয় কমিটি পরে জানাবে।

সোমবার (৩ নভেম্বর) সন্ধ্যায় গুলশানের চেয়ারপার্সনের কার্যালয়ে মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর প্রার্থী তালিকা ঘোষণা করেন। ঘোষণার পর কিছু এলাকায় বঞ্চিত নেতাদের অনুসারীরা প্রতিবাদ দেখান।

LENS ASIA